জনকণ্ঠ

পৃষ্ঠা ৪২ কলাম ২

৪০ শিক্ষার্থী পরীক্ষা দিতে পারেনি!

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার প্রথম দিনে বহিষ্কার শতাধিক

স্টাফ রিপোর্টার ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে শনিবার থেকে শুরু হওয়া ডিগ্রী পাস ও সাবসিডিয়ারি পরীক্ষার প্রথম দিন বাংলা পরীক্ষায় বহিষ্কার হয়েছে শতাধিক পরীক্ষার্থী। সারাদেশে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হলেও বিভিন্ন জায়গায় নানা ধরনের অনিয়ম-অসঙ্গতির অভিযোগ পাওয়া গেছে।

কোন কোন জায়গায় কলেজ ও জাতীয় বিশ্ববিদ্যালয়

(১১- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের

(১২-এর পাতার পর)

কর্তৃপক্ষের গাফলতির কারণে পরীক্ষা দিতে পারেনি অনেক পরীক্ষার্থী। কেবল গাজীপুরের শ্রীপুর বিশ্ববিদ্যালয় কলেজ কেন্দ্রেই প্রবেশপত্র ও ডিআর ফরমে ভুল থাকার অজুহাতে পরীক্ষার হলে গিয়েও ফিরে আসতে হয়েছে ৪০ শিক্ষার্থীকে। এনিয়ে ছাত্র-অভিভাবকদের মধ্যে তীব্র ক্ষোভ দেখা দিয়েছে। তাঁরা বলছেন, কর্তৃপক্ষের কারণেই এ ভুল হয়েছে।

বাংলা পরীক্ষার মধ্য দিয়ে শুরু হয়েছে পরীক্ষা।এবার সারাদেশের ১২শ' ৬০টি কলেজের এক লাখ বত্রিশ হাজার ৪শ' ৬৭ শিক্ষার্থী ডিগ্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। সাবসিডিয়ারি পরীক্ষার্থীর সংখ্যা বারো হাজার ৮শ' ৫১। দেশব্যাপী ৪শ' ১৭টি কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হচ্ছে এই পরীক্ষা। জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ওয়াকিল আহমদ শনিবার রাজধানীর ইডেন মহিলা কলেজসহ কয়েকটি কেন্দ্র পরিদর্শন করেন। সর্বশেষ হিসাবে অনুযায়ী সারাদেশে শতাধিক পরীক্ষার্থী নকলের দায়ে বহিষ্কার হয়েছে।

জনকণ্ঠের শ্রীপুর (গাজীপুর) সংবাদদাতা জানান, শনিবার গাজীপুর জেলার শ্রীপুর বিশ্ববিদ্যালয় কলেজ কেন্দ্রে চল্লিশ শিক্ষার্থী সকল প্রকার প্রস্তুতি নিয়ে পরীক্ষার হলে গেলেও তাদের পরীক্ষা দিতে দেয়া হয়নি। পরীক্ষার্থীরা অভিযোগ করে বলেছেন, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে সরবরাহকৃত প্রবেশপত্র ও ডিআর ফরমে বিভিন্ন বিষয়ে ত্রুটি থাকার অজুহাতে তাদের পরীক্ষা দিতে দেয়া হয়নি। এসব শিক্ষার্থীরা অভিযোগ করে বলেন, কলেজ কর্তৃপক্ষের গাফলতির মাশুল গুনতে হচ্ছে তাদের। তবে এসব কলেজের অধ্যক্ষদের ভাষায় এজন্য তারা নয় জাতীয় বিশ্ববিদ্যালয়ই দায়ি।

কুড়িগ্রাম থেকে স্টাফ রিপোর্টার জানান, নকলের দায়ে জেলার আটটি কেন্দ্র থেকে ৫৪ শিক্ষার্থীকে বহিষ্কার করা